



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019



2nd Term: WorkSheet - 15

Class: 3

Subject: Bengali Gram (বোধশক্তির বিচার)

Date: 23/09/2020

নারকেল এমন একটি গাছ যার প্রতিটি অংশই আমাদের কাজে লাগে। কচি অবস্থায় নারকেলের ফলকে বলা হয় 'ডাব' এবং পাকা অবস্থায় এর নাম 'নারকেল'। ডাবের রং সবুজ এবং এর জল অত্যন্ত উপকারী। নারকেলের রং বাদামি এবং এর শাঁস খেতে খুব সুস্বাদু। এই শাঁস আমরা কাঁচা খাই, রান্নায় ব্যবহৃত হয় এবং এর থেকে নানা রকম মিষ্টি তৈরী হয়। এই শাঁস থেকে তেলও তৈরী হয়। নারকেল তেল আমরা মাথায় মাখি। দক্ষিণ ভারতে এই তেল রান্নার কাজে ব্যবহৃত হয়। নারকেল পাতার শিরাগুলি ছাড়িয়ে নিলে যে কাঠি পাওয়া যায় তা দিয়ে ঝাঁটা তৈরী হয়। নারকেল পাতাকে শুকিয়ে জ্বালানি হিসাবে ব্যবহার করা হয়। নারকেল গাছের গুঁড়িকে ছোটোখাটো খাল-বিল পারাপারের কাজে লাগানো হয়। এক কথায় এই গাছের প্রতিটি অংশই আমাদের কোন-না-কোন কাজে লাগে। গাছ লাগানোর ৯/১০ বছরের মধ্যে ফল দেয়।

প্রশ্ন:-

- ১। একটি গাছের নাম কর যার প্রতিটি অংশই কাজে লাগে ?
- ২। কচি অবস্থায় নারকেলের ফলকে কী বলে ?
- ৩। কিসের শাঁস থেকে তেলও তৈরী হয় ?
- ৪। রান্নার কাজে নারকেল তেল কোথায় ব্যবহৃত হয় ?
- ৫। ঝাঁটা কী দিয়ে তৈরী হয় ?
- ৬। নারকেল গাছ লাগানোর কত বছরের মধ্যে ফল হয় ?
- ৭। নারকেল গাছের মতো দেখতে আরও একটি গাছের নাম লেখ।
- ৮। শূন্যস্থান পূরণ কর :-

ক) পাকা অবস্থায় নারকেলের ফলকে বলে \_\_\_\_\_ ।

খ) নারকেলের পাতাকে শুকিয়ে \_\_\_\_\_ হিসাবে ব্যবহার করা হয় ।

গ) নারকেল গাছের \_\_\_\_\_ ছোটোখাটো খাল-বিল পারাপারের কাজে লাগানো হয় ।

৯। ঠিক বা ভুল লেখ :-

ক) নারকেলের রং লাল ।

খ) নারকেল তেল আমরা মাথায় মাখি ।

গ) নারকেল গাছের প্রতিটি অংশই আমাদের কাজে লাগে ।

১০। বাক্য রচনা কর :-

ক) সুস্বাদু =

খ) উপকারী =

Manashi Chaudhuri